## বাকেরগঞ্জ উপজেলা পরিষদের মে ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ ঃ ২৬ মে ২০২২

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।-

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । কোন সমস্যা নেই । | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীরা যাতে সঠিক চিকিৎসা পায় সে দিকে খেয়াল রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, মাঠে ফসলের সার্বিক অবস্থা সন্তোষজনক। তিনি সভায় আরো জানান যে, ২০২১-২০২২ মৌসুমে ২১৩৫৩ মেঃ টন বোরো ধান এবং ১০৮৮০৪ টন মুগডাল উৎপাদিত হয়েছে। বর্তমানে সার ও বীজের কোন সংকট নেই। | উপ সহকারী কৃষি কর্মকর্তকগণকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে । উপজেলার বিভিন্ন স্থানে LSD(Lumpy Skin Diseases) দেখা যাচ্ছে । এমতাবস্থায় Vaccination কার্যক্রম জোরদার করা হয়েছে । সংশ্লিষ্ট চেয়ারম্যান ও ওয়ার্ড মেম্বারদের সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো । বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে বরাদ্দ পাওয়া গেলে কার্যক্রমকে আরও গতিশীল করা সম্ভব হবে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের মৎস্যচাষী ও মৎস্যজীবিদের পরামর্শ ও প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত চলছে । তিনি আরও জানান যে, ভিজিএফ এর চাল বিতরণ কার্যক্রম এ মাসের মধ্যেই শেষ করতে হবে । এছাড়া বে-আইনী বেরজাল, চায়না দুয়ারী জাল সহ অন্যান্য অবৈধ জালের বিরুদ্ধে অতি শীঘ্রই ব্যবস্থা নেয়া হবে বলে জানান । তিনি জানান যে, ৫২৭২ জন জেলে তালিকাভূক্ত আছে।<br>চেয়ারম্যান, ভরপাশা আসল মৎস্যজীবি কত জন তা জানতে চান। কার্ডে মৎস্যজীবি লেখা আছে ইলিশ জেলে লেখা নেই । তাই তালিকা জাচাই বাছাই করা প্রয়োজন ।<br>সভাপতি, সভায় জানান যে, প্রতি ইউনিয়নের লীড ম্যানকে ইউপি চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করে তালিকা যাচাই বাছাই করার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সকল জেলে যাতে ভিজিএফ এর চাল পায় সে বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান অবৈধ জাল দিয়ে মাছ ধরার বিষয়ে অতিশীঘ্রই | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অতিশীঘ্রই অবৈধ জাল নিধনের জন্য অভিযান শুরু করা হবে। মেম্বর এবং মহল্লাদারদের মাধ্যমে অভিযানের কথা প্রচার করার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়।<br>ভিজিএফ এর কার্ড বৃদ্ধির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | অভিযান শুরু হবে। ইউপি সদস্য এবং মহল্লাদারদের মাধ্যমে অভিযানের কথা জানানোর জন্য চেয়ারম্যানদেরকে অনুরোধ জনানান। | |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ১৪নং নিয়ামতি ইউনিয়ন পরিষদের ২৮/০২/২০২২ তারিখের সভায় রেজুলেশন মোতাবেক চামটা বাজার হতে জলিল কারিকর বাড়ী ভায়া বশির সিকদার বাড়ী পর্যন্ত (আইডি নং-৫০৬০৭৫১৪৮) সড়কের ইট উঠিয়ে অত্র ইউনিয়নের ৮নং ওয়ার্ডের মদ্য নিয়ামতি বাবুল বিশ্বাসের বাড়ী হতে নুর মোহাম্মাদের বাড়ীর চৌমাথা পর্যন্ত সড়কটি উক্ত ইট দ্বারা ইউনিয়ন পরিষদের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত হয় ।<br>২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি বাসউপযোগী করার জন্য মেরামত ও রং করা প্রয়োজন । তিনি সভায় বাসভবনটি মেরামত ও রং করার নিমিত্ত ৩,৪০,০০৪/- (তিন লক্ষ চল্লিশ হাজার চার) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন । | ১।সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সিদ্ধান্তটি সর্ব সম্মতভাবে গৃহীত হয় ।<br>২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি মেরামত করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ৩,৪০,০০৪/- (তিন লক্ষ চল্লিশ হাজার চার) টাকার প্রাক্কলনটি সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানো সহ কাজটি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। ক্লিনিক সেবা, এফডব্লিউ ভি এবং স্যাকমো আছে। তারা সার্বক্ষনিক সেবা দিয়ে থাকেন । তিনি আরও জানান যে, এ দপ্তরে জনবল সংকট চলছে । | বাকেরগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগে মঞ্জুরীকৃত পদের সংখ্যা, বিদ্যমানপদ, শুন্যপদ উল্লেখ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র দেওয়া জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | ক)উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে । | ১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | সরকারী নির্দেশনা মেনে প্রাথমিক বিদ্যালয় গুলোর পাঠদান শুরু করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে ছলছে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের পাঠদানকে নিবিড় করার পরামর্শ প্রদান করা হয় । আগামী ০২/০৬/২০২২ খ্রিঃ তারিখ থেকে বিদ্যালয় সমূহে ১ম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং আগামী ১৯/০৬/২০২২ তারিখ থেকে এস এস সি দাখিল ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতদভিন্ন ২ বছর পর শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পাঠদান হওয়ায় এ বছর শিক্ষা সপ্তাহের সকল প্রেগ্রাম সম্পন্ন করা হয়েছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। তিনি সভায় জানান যে, বাকেরগঞ্জ উপজেলায় ১,২২,০০০০০/- (এক কোটি বাইশলক্ষ) টাকা লোন দেয়া হয়েছে । তার মধ্যে ৭৬,০০,০০০/-( ছিয়াত্তর লক্ষ) টাকা আদায় হয়েছে । লোন আদায়ের অগ্রগতি যাতে বৃদ্ধি করা যায় তার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত সম্মানিত সকল সদস্যসহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের আন্তরিক সহযোগিতা কামনা করেন । | খেলাপী ঋন আদায়ে সহযোগিতা করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১২। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, দ্রুততা ও আন্তরিকতা সাথে তার দপ্তর হতে নাগরিক সেবা প্রদান করা হয় । এ ছাড়াও ২০২১-২০২২ অর্থ বছরে অত্র কার্যালয় প্রাথমিক সাধারণ ১৩৯টি সমিতির অডিট বরাদ্দ ছিল । যাহা শতভাগ সম্পন্ন হয়েছে । ২০২১-২০২২ অর্থ বছরে ৩২ টি প্রাথমিক সমিতির অডিট ফি বাবদ ৮৮২৯০/- টাকা ধার্য্য ও ৮৩৯২০/- টাকা আদায় এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৮৬২৪৭/- টাকা ধার্য ও ৮৫৮৬৭/- টাকা আদায় করে যথাক্রমে চালান ও অনলাইন রশিদের মাধ্যমে ব্যাংকে জমা দেয়া হয়েছে । তাঁর কার্যালয়ের অকার্যকর/কার্যকর/ নিবন্ধন বাতিল রেজিষ্টার হালনাগাদ করা হয়েছে । সমবায়ীমনা জনগনকে উৎপদনমুখী সমবায় সমিতি গঠনের জন্য পরমর্শ প্রদান করা হচ্ছে এবং প্রস্তাবিত সমিতি নিবন্ধনের পূর্বে উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয় হচ্ছে । আলোচ্য বছরে তার দপ্তর হতেকৃষি, মৎস্য, আইজিএ ব্লক বাটিক ইত্যাদি বিষয়ের উপরে বিভিন্ন সমবায় সমিতি হতে ১৩৮ জন সদস্যকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে । | এ বিষয় আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| ১৩। যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৪। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে । তিনি টি আর, কাবিখা কর্মসূচির কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট, সকলকে অনুরোধ জানান। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচি(ইজিপিপি) আগামী ৮/০৬/২০২২ সমাপ্ত হবে । তাতে ২০ দিনের বিল পাওয়া যাবে । ৯/৬/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকলকে বিল দাখিলের জন্য অনুরোধ জানান । | টি আর কাবিখা সহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের বরাদ্দকৃত সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন কাজ প্রায় সম্পন্ন । ৩০শে জুনের আগেই কাজ সমাপ্ত হবে মর্মে জানান । ৫টি ডি স্যালাইনেশন ইউনিট'এর পরিবর্তে ৬নং গভীর নলকূপ বরাদ্দ দেওয়ার জন্য সিদ্ধান্ত হয় । ১৬টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লোক এর কাজ প্রায় সম্পন্ন এবং ৪৩টি বিদ্যালয়ের গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে । অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৬। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বাকেরগঞ্জ এস,এফ,পিসি সভায় জানান যে, তার দপ্তরের দৈনিন্দন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । কৌন সমস্যা নেই । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৭। উপজেলা আনসারভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । কোন সমস্যা নেই । তিনি সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলা হতে ০২ জন আনসার ভিডিপি সদস্যকে ড্রাইভিং প্রশিক্ষণে জন্য শরিয়তপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে । এ উপজেলার ৬ জন সদস্য জেলা আনসার ও ভিডিপি কার্যালয় হতে মুক্তাচাষ প্রশিক্ষণ সফল ভাবে সম্পন্ন করে । এ প্রশিক্ষণ গ্রহনের প্রশিক্ষনার্থী আত্ম কর্ম সংস্থান সৃষ্টি করতে পারবে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |
| ১৮। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি সভায় আরও জানান যে, বোরো/২০২২ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। তাই সকল ইউনিয়নের চেয়ারম্যনগণকে দৃষ্টি আকর্ষন করে জানান যে তার ইউনিয়নের যে সকল কৃষক কৃষি তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে তারা সরকারি নির্দেশ মোতাবেক | ১। সরকারি নির্দেশনা মোতাবেক এ উপজেলায় ধান ও চাল ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনে ইউনিয়ন চেয়ারম্যান সহ সকলের সহযোগীতা কামনা করা হয় । |

| | | |
|---|---|---|
| | হলতা ও কলসকাঠি এলএসডিতে ধান দিতে পারবে। ধান বিক্রয়ের আগ্রহী কৃষকদের এলএসডিতে ধান পাঠানোর জন্য অনুরোধ জানান । উপজেলা খাদ্য অফিসার সভায় আরো জানান যে, তার অফিসটি এতই জরাজীর্ন হয়ে আছে যে, অফিসের নথিপত্র অরক্ষিত অবস্থায় রয়েছে । দাপ্তরিক কাজের জন্য কম্পিউটার সেট করা সম্ভব হচ্ছে না । ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে রিপোর্ট, রিটার্ন,অনলাইন ভিত্তিক কাজ করা সম্ভব হচ্ছেনা। এতে দাপ্তরিক কাজ কর্ম বিঘ্নিত হচ্ছে । এমতাবস্থায় দুইটি কক্ষ বরাদ্দের জন্য অনুরোধ জানান ।<br>সভাপতি মহোদয় সভায় জানান যে, বাকেরগঞ্জ উপজেলাটি ১৪ টি ইউনিয়ন নিয়ে গঠিত । খাদ্য গুদাম আছে ২টি । সেখান থেকে খাদ্য পরিবহন করে দুরের ইউনিয়নগুলিতে খাদ্য পরিবহন করে নেওয়া ব্যয়বহুল ও কষ্টসাধ্য । তাই এ উপজেলার ফরিদপুর ইউনিয়নের পাটকাঠী এবং রঙ্গশ্রী ইউনিয়নে ২টি খাদ্যগুদাম প্রয়োজন । | ২। উপজেলা খাদ্য অফিসারকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্র দেওয়ার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৯। উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যাণ কর্মকর্তা সভায় ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্পের বিস্তারিত বর্ণনা করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো( বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসাবে অফিসিয়াল পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। জাতীয় ও স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে, পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, সরকারী ও বেসরকারি গবেষনা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, এন.জি.ও এবং সর্বোপরি জনসাধারনের ব্যবহারের জন্য আর্থসামাজিক জনতাত্তিক, শিক্ষা, স্বাস্থ্য বাণিজ্য, স্থুল জাতীয় উৎপাদন, জাতীয় নিরুপন সহ বিভিন্ন ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য উপাত্ত সংগ্রহ সংকলন ও প্রকাশ করে থাকে । জনসংখ্যার হিসাব জনসাধারনের আর্থসামাজিক ও তাত্ত্বিক বৈশিষ্ট্য সমূহ বিস্তৃত গৃহ পরিসংখ্যান সরবরাহের পাশাপাশি এই শুমারি টেকসই উন্নয়নে অভীষ্ট ২০৩০ অর্জন এবং পর্যবেক্ষনের মৌলিক তথ্য উপাত্ত সরবরাহ করবে । এটি বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন । | সভাপতি মহোদয় জনশুমারি ও গৃহগনণা ২০২২(১৫ থেকে ২১) জুন পর্যন্ত সময়ের মধ্যে সকল খানা গণনা কার্যক্রমে বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সহ সকল দপ্তরে কর্মকর্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেম্বর ও গ্রামপুলিশ সহ সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান । |
| ২০।পল্লী সঞ্চয় ব্যাংক(আমার বাড়ী আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) অত্র উপজেলায় খেলাপীর হার ৫৩% যা অত্যান্ত হতাশা জনক । শাখা ব্যবস্থাপক খেলাপী ঋন আদায়ে উপজেলা প্রশাসনের সহায়তা চান।উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল ইউনিয়ন চেয়ারম্যাদের সহযোগীতা কামনা করেন ও জুন/২০২২ মাসের মধ্যে খেলাপী হার কমানোর নির্দেশনা প্রদান করেন । | শাখা ব্যাবস্থাপককে দীর্ঘদিনের ঋন খেলাপীদের তালিকা করে সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে সরবরাহ করার জন্য অনুরোধ জানান । |
| বিবিধ | চেয়ারম্যান রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,অংশগ্রহনমুলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের আওতায় রঙ্গশ্রী ইউনিয়নের বিরংগল-শ্যামপুর-দাওকাঠী বড়িয়া উপ প্রকল্প বিরংগল আলুকরানী খাল হতে বিশখালী নদীর পূর্ব পাড় হইতে শ্যামপুর বাজার দাওকাঠী বড়িয়া বাজার পর্যন্ত বিশখালী নদীর ভেরী নির্মানসহ রেগুলেটর ও খাল খনন করা প্রয়োজন । খালগুলি হলো ঃ-<br>১। আলুরানী খাল খনন- ০৪ কিঃ মিঃ<br>২। হেকধারা খাল খনন-০৩ কিঃ মিঃ<br>৩। হাউদের খাল খনন-০৩ কিঃ মি<br>৪। গোয়ালের খাণ খনন -০৩ কিঃ মিঃ<br>৫। নাইয়া খাল খনন-০৩ কি ঃমিঃ<br>৬। ভারানী খাল খনন ০৩ কিঃ মিঃ<br>৭। শ্যামপুর খাল খনন-০৩ কিঃ মিঃ<br>৮। দাওকাঠী নিকারী পাড়ার খাল-০৩ কিঃমিঃ<br>৯। দাওকাঠী জোমাদ্দার বাড়ীর খাল-০৪ কিঃমিঃ<br>১০। বড়িয়া গোপের বাড়ী খাল -০২ কিঃমিঃ | উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জকে প্রকল্পগুলি যাচাই বাছাই করে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরনের জন্য অনুরোধ জানানো হয় । |

| | | |
|---|---|---|
| | চেয়ারম্যান রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ সভায় আরো জানান যে,অংশগ্রহনমুলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের আওতায় রঙ্গশ্রী ইউনিয়নের বরিশাল পটুয়াখালী মহা সড়কের বোয়ালিয়া বাজারের পূর্ব পার্শ্ব হতে খয়রাবাদ খেয়াঘাট করম আলী খেয়াঘাট মাহফুজ খানের ব্রীক ফিল্ড ভায়া বাখরকাঠী কেশব ঘোষের বাড়ীর সামনের বরিশাল পটুয়াখালী মহাসড়ক পর্যন্ত ভেরী বাঁধ নির্মান করা প্রয়োজন ।<br>১। তালুকদার বাড়ীর খাল ।<br>২। মোল্লা বাড়ীর খাল ।<br>৩। ডাকুয়া বাড়ীর খাল ।<br>৪। বাখরকাঠী চাইলখালীর খাল । | |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোযনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৪৮২

তারিখ ঃ ২৬ মে ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা.................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

২৬/০৬/২২
সজল চন্দ্র শীল
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল